



**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা**  
[www.dhakaeducationaboard.gov.bd](http://www.dhakaeducationaboard.gov.bd)



নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/৫৪৩

তারিখ : ১৬/০৮/২০২৩

বিষয় : বিদ্যালয়ের অফিস করণিক (বরখাস্তকৃত) জনাব বিজয় কুমার মুখার্জী-কে স্বপদে পূর্ণবহাল প্রসঙ্গে।

- সূত্র :
- (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ২৫/০৮/২০২১ তারিখের আবেদন।
  - (২) জেলা শিক্ষা অফিসার, মুসীগঞ্জ-এর ০৪/০১/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।
  - (৩) বোর্ডের ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
  - (৪) ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ০৬/০৮/২০২৩ তারিখের ২২৬ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের অফিস করণিক (বরখাস্তকৃত) জনাব বিজয় কুমার মুখার্জী- এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তথ্য উপাত্ত বিশ্লেষণ করে তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত না হওয়ায় তাঁকে অভিযোগ থেকে অব্যাহতি ও স্বপদে পূর্ণবহালের জন্য সুপারিশ করা হয় এবং ০৬/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৬ তম বোর্ড সভায় বিদ্যালয়ের অফিস করণিক (বরখাস্তকৃত) জনাব বিজয় কুমার মুখার্জী-কে স্বপদে পূর্ণবহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অফিস করণিক (বরখাস্তকৃত) জনাব মো: বিজয় কুমার মুখার্জী-কে স্বপদে পূর্ণবহাল করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি  
 রংসদী উচ্চ বিদ্যালয়  
 রংসদী, শ্রীনগর  
 মুসীগঞ্জ

মেমো নং- ৫৪৩(১১)

তারিখ : ১৬/০৮/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুসীগঞ্জ।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মুসীগঞ্জ।
- ৬। প্রধান শিক্ষক, রংসদী উচ্চ বিদ্যালয়, রংসদী, শ্রীনগর, মুসীগঞ্জ।
- ৭। জনাব বিজয় কুমার মুখার্জী, অফিস করণিক, রংসদী উচ্চ বিদ্যালয়, রংসদী, শ্রীনগর, মুসীগঞ্জ।
- ৮। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

স্বাক্ষরিত  
 সচিব ১৬।৮।২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
 ঢাকা।

১৬।৮।২৩